## Prime Minister speaks on phone with His Excellency Viktor Orban, Prime Minister of Hungary

March 09, 2022

## হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের সঙ্গে প্রধানমন্ত্রী'র টেলিফোনে কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।
দুই দেশের প্রধানমন্ত্রী ইউক্রেনের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং অবিলম্বে যুদ্ধবিরতি করে,
কূটনীতি ও আলাপ আলোচনায় ফিরে আসা নিশ্চিত করার প্রয়োজনীয়তার বিষয়ে সহমত পোষণ করেছেন।

প্রধানমন্ত্রী ইউক্রেন – হাঙ্গেরি সীমান্ত দিয়ে ৬ হাজারের বেশি ভারতীয় নাগরিককে সরিয়ে নিয়ে যাওয়ার সুবিধা দেওয়ার জন্য শ্রী অরবান এবং তাঁর সরকারকে তাঁর আন্তরিক ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী অরবান ইউক্রেন থেকে ফিরে যাওয়া ভারতীয় মেডিকেল শিক্ষার্থীদের জন্য তাঁর শুভেচ্ছা জানিয়েছেন এবং বলেছেন যে, তারা চাইলে হাঙ্গেরিতে তাদের পড়াশোনা চালিয়ে যেতে পারেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী এই উদার প্রস্তাবের জন্য হাঙ্গেরির প্রধানমন্ত্রীর প্রশংসা করেন।

উভ্য় দেশের প্রধানমন্ত্রী ক্রমবর্ধমান জটিল পরিস্থিতিতে যোগাযোগ রক্ষা এবং সংঘাতের অবসান ঘটাতে তাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে সম্মত হয়েছেন।

নতুন দিল্লি, 09 মার্চ, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.